

রাণী বিলাসমণি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, গাজীপুর

শিক্ষাবর্ষ-২০২৪

## ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। (ক) নির্বাচিত ছাত্রদের মধ্যে ভর্তি ফরম বিতরণ : ৩০ নভেম্বর ২০২৩ থেকে ০৬ ডিসেম্বর ২০২৩  
(সকাল ১০.০০টা থেকে বিকাল ৩.০০ পর্যন্ত, শুক্রবার ও শনিবার ব্যতিত)

(খ) নির্ধারিত তারিখের মধ্যে লটারিতে নির্বাচিত ছাত্র ভর্তি না হলে পরবর্তিতে ভর্তির সুযোগ থাকবে না।

(গ) আসন শূণ্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে (তালিকার ক্রমানুযায়ী) ভর্তি ফরম বিতরণের তারিখ : ০৭ ডিসেম্বর থেকে ১২ ডিসেম্বর, ২০২৩।

২। ভর্তি ফরমের সাথে নিম্নের কাগজপত্র জমা দিতে হবে-

ক) পূর্বে অধ্যয়নরত বিদ্যালয়ের ছাড়পত্র।

খ) ছাত্রের অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।

গ) ছাত্রের অনলাইন আবেদনপত্রের মূলকপি।

ঘ) ছাত্রের সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

ঙ) পূর্বের শ্রেণি হতে উত্তীর্ণ হয়েছে বা হবে - এই মর্মে প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত প্রত্যয়নপত্র।

চ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ছ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে কোটার প্রমাণপত্র: বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতার মুক্তিযোদ্ধা বিষয়ক সনদ, নাতীর ক্ষেত্রে দাদা/নানার মুক্তিযোদ্ধা বিষয়ক সনদ মাতার, পিতার জন্মনিবন্ধন/এসএসসি পাসের সনদ এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়নপত্র।

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীর সন্তানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের প্রত্যয়নপত্র, প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কার্যালয়ের সনদ/প্রত্যয়নপত্র। সহোদর/যমজ ভাই এর জন্য প্রমাণক (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র) দেখাতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের কোটার ক্ষেত্রে দপ্তর প্রধানের প্রত্যয়ন দাখিল করতে হবে, অন্যথায় তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। অসত্য তথ্য প্রদান করে একাধিকবার আবেদন করেছে বলে প্রমাণিত হলে তাঁর ভর্তির নির্বাচন বাতিল হবে।

৪। ভর্তির প্রয়োজনীয় ফি নিম্নরূপ:

জানুয়ারি -২০২৪ থেকে মার্চ -২০২৪ পর্যন্ত ০৩(তিন) মাসের বেতনসহ সেশন ফি:

| শ্রেণি | সেশন ফি | ভর্তি ফি | বেতন | টিফিন | কম্পিউটার | নিরাপত্তা | সর্বমোট |
|--------|---------|----------|------|-------|-----------|-----------|---------|
| ৬ষ্ঠ   | ১১১০    | ১০       | ৩০   | ২২৫   | ৬০        | ৬০        | ১৪৯৫    |
| ৮ম     | ১১১০    | ১২       | ৩৬   | ২২৫   | ৬০        | ৬০        | ১৫০৩    |
| ৯ম     | ১১১০    | ১৫       | ৪৫   | ২২৫   | ৬০        | ৬০        | ১৫১৫    |

৫। ভর্তির পর ক্লাশ শুরু হলে ছাত্রদেরকে অবশ্যই স্কুল ইউনিফর্ম পরিহিত অবস্থায় বিদ্যালয়ে আসতে হবে। (নেভি ব্লু প্যান্ট, সাদা শার্ট, সাদা কেডস ও সাদা মোজা)।

৬। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে উল্লিখিত কার্যাবলী সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৭। উল্লেখ্য যে, ভর্তির তারিখ ও অন্যান্য বিষয় পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

\*\*\*১ম তালিকা থেকে ভর্তির শেষ তারিখ : ০৬.১২.২০২৩

(প্রভাতি শিফট ০৮:০০ টা থেকে ১০:৩০মি., দিবা শিফট ১০:৩০মি. থেকে ১:০০টা পর্যন্ত)

\*\*\*আসন শূণ্য থাকা সাপেক্ষে ১ম অপেক্ষমান তালিকা থেকে ক্রমানুসারে ভর্তির শেষ তারিখ : ১২.১২.২০২৩

(প্রভাতি শিফট ০৮:০০ টা থেকে ১০:৩০মি., দিবা শিফট ১০:৩০মি. থেকে ১:০০টা পর্যন্ত)

  
প্রধান শিক্ষক

রাণী বিলাসমণি সরকারি বালক উচ্চ বিদ্যালয়  
গাজীপুর